বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স
BANGLADESH INSTITUTE OF PLANNERS
since 1974

৩১ আগস্ট ২০২৩

সংযুক্ত **বিআইপি নির্বাচনী বিধিমালা (সংশোধিত ২০২৩)** বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) এর ১৫তম কার্যনির্বাহী পরিষদের বিগত **২৯ আগস্ট ২০২৩** তারিখে অনুষ্ঠিত **২০২৩/১৯তম সভায়** সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**পরিকল্পনাবিদ শেখ মুহম্মদ মেহেদী আহসান**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

AFFILIATION

Commonwealth Association of Planners (CAP)

International Society of City and Regional Planners (ISOCARP)

ADDRESS
Planners' Tower (Level-7)
13/A, Bir Uttam C R Datta (Sonargaon) Road
Bangla Motor, Dhaka-1000
Bangladesh

GPO Box : 3793
Phone : 880 2 9667653
880 2 9665223
Fax : 880 2 9665223
E-mail : bipinfo@bip.org.bd
Web : www.bip.org.bd

# বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)
# নির্বাচনী বিধিমালা, ২০২৩

## ১. নির্বাচন কমিশন গঠন প্রক্রিয়া ও মেয়াদকাল

১.১ বিআইপি উপদেষ্টা পরিষদ পরবর্তী ২ (দুই) বছরের জন্য বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ গঠনের উদ্দেশ্যে বিআইপি গঠনতন্ত্রের ধারা ৩০-এর উপধারা (এ) অনুযায়ী চলমান কমিটির ২০ তম মাসে (২য় বছরের আগস্ট মাসে) বিআইপি'র একজন ফেলো কে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগ করবেন। প্রধান নির্বাচন কমিশনার নিয়োগের দিন হতে নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে উপদেষ্টা পরিষদের নিকট হস্তান্তরের সময় পর্যন্ত নির্বাচনকাল হিসেবে গণ্য হবে। তবে নির্বাচনের ফলাফল ঘোষণার পরবর্তী ৭ (সাত) কর্মদিবস পর্যন্ত নির্বাচন কমিশন এর মেয়াদ থাকবে।

১.২ প্রধান নির্বাচন কমিশনার বিআইপি'র গঠনতন্ত্রের ধারা ৩৬-এর উপধারা (বি) অনুযায়ী বিআইপি'র ফেলো/সদস্যগণের মধ্যে ২ (দুই) জন কে নির্বাচন কমিশনার হিসেবে মনোনয়ন প্রদান করে তাঁদের নাম অনুমোদনের জন্য উপদেষ্টা পরিষদের নিকট প্রেরণ করবেন। এ প্রক্রিয়ায় উপদেষ্টা পরিষদের অনুমোদনের মধ্য দিয়ে ৩ (তিন) সদস্যের সমন্বয়ে নির্বাচন কমিশন গঠিত হবে। প্রধান নির্বাচন কমিশনার, কমিশনের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। নির্বাচন কমিশন তার কর্মকান্ডের জন্য বিআইপি'র উপদেষ্টা পরিষদের নিকট দায়বদ্ধ থাকবে।

১.৩ নির্বাচন কমিশন বিআইপি'র চলমান কার্যনির্বাহী পরিষদের মেয়াদের ২৩তম (২য় বছরের নভেম্বর) মাসের মধ্যে নির্বাচন সম্পন্ন করার লক্ষে নির্বাচনের ঘোষিত তারিখের কমপক্ষে ৮ (আট) সপ্তাহ পূর্বে নির্বাচন তফসিল ঘোষণায় ব্যর্থ হলে উপদেষ্টা পরিষদ বিআইপি'র চলমান কার্যনির্বাহী পরিষদের মেয়াদকালের মধ্যে নির্বাচন সম্পন্ন করে নতুন কার্যনির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তর নিশ্চিত করার স্বার্থে চলমান কমিশন বাতিল করে নতুন নির্বাচন কমিশন গঠন করতে পারবে।

১.৪ নির্বাচন কমিশন বা কমিশনের কোন সদস্যের কোন কার্যক্রম এই বিধিমালা বা নির্বাচন অনুষ্ঠানের সাথে সাঙ্ঘর্ষিক প্রতীয়মান হলে বা নির্বাচন কমিশন অথবা কমিশনের কোন সদস্যের বিরুদ্ধে আনিত অভিযোগ গুরুতর প্রমাণিত হলে প্রয়োজনবোধে উপদেষ্টা পরিষদ সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানের স্বার্থে চলমান কমিশনের এক বা একাধিক সদস্যকে অব্যাহতি প্রদান বা চলমান কমিশন বাতিল করে নতুন নির্বাচন কমিশন গঠন করতে পারবে।

১.৫ নির্বাচন কমিশন প্রতিটি কাজ সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে করবেন। নির্বাচন কমিশন এর সকল সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্ত সমূহ লিখিত আকারে কমিশনের সদস্যগণের স্বাক্ষরে লিপিবদ্ধ থাকবে এবং এর অনুলিপি উপদেষ্টা পরিষদের কাছে যথাশীঘ্র প্রদান করতে হবে।

১.৬ নির্বাচন কমিশনের কোন সদস্য পদত্যাগ করতে চাইলে বিআইপি'র উপদেষ্টা পরিষদের আহ্বায়ক বরাবর লিখিত আকারে পদত্যাগ করতে পারবেন। সেক্ষেত্রে উপদেষ্টা পরিষদ উপবিধি ১.১ এবং উপবিধি ১.২ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

## ২. নির্বাচন কমিশনের দায়িত্ব ও কর্তব্য

পরবর্তী মেয়াদের জন্য বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ গঠনের উদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিশন নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন করবেঃ

২.১ বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ গঠনের উদ্দেশ্যে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য ভোটার তালিকা প্রণয়ন, নির্বাচন তফসিল ঘোষণা, মনোনয়ন পত্র বিতরণ ও গ্রহণ, যাচাই বাছাই করে প্রার্থী তালিকা প্রকাশ, ব্যালট-পত্র তৈরি, প্রয়োজনে ইলেক্ট্রনিক ভোটিং-এর জন্য কার্যকর পদ্ধতি নির্ধারণ, সরাসরি এবং ডাকযোগে বা ইলেক্ট্রনিক পদ্ধতিতে ভোট গ্রহণ, ভোট গণনা ও চূড়ান্ত ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।

২.২ নির্বাচনের জন্য সুষ্ঠু পরিবেশ ও সকল প্রার্থীর জন্য সমান সুযোগ নিশ্চিত করবে। এজন্য প্রয়োজনে উপদেষ্টা পরিষদের সহায়তা গ্রহণ করবে।

২.৩ বিআইপি'র গঠনতন্ত্র ও নির্বাচন বিধিমালায় লিপিবদ্ধ বিধান বহির্ভূত কোন পরিস্থিতির উদ্ভব ঘটলে উপদেষ্টা পরিষদের সাথে আলোচনা করে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও সমাধান করবে।

### ৩. নির্বাচন পদ্ধতি

বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ গঠনের জন্য নির্বাচন কমিশন নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করে নির্বাচন পরিচালনা করবেঃ

৩.১ বিআইপি'র কার্যনির্বাহী পরিষদের জন্য একক বা জোটভুক্ত (প্যানেল) ভাবে নির্বাচন করা যাবে। একক প্রার্থী হিসেবে একজন ব্যক্তি একাধিক পদের বিপরীতে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন কিন্তু কেবল একটি পদের জন্য মনোনয়নপত্র জমা দিতে পারবেন।

৩.২ মনোনয়নপত্র ব্যক্তিগতভাবে অথবা প্রতিনিধির মাধ্যমে সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। তবে মনোনয়ন পত্রে অবশ্যই নির্ধারিত স্থানে প্রার্থীর স্বহস্ত-স্বাক্ষর থাকতে হবে। অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৩.৩ মনোনয়নপত্রে প্রস্তাবকারী হিসেবে ১ (এক) জন ফেলো/সদস্য এবং সমর্থনকারী হিসেবে ১ (এক) জন ফেলো/সদস্য এর স্বাক্ষর থাকতে হবে। সকল প্রস্তাবকারী ও সমর্থনকারীকে আসন্ন নির্বাচনে ভোটার হতে হবে। অন্যথায় মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

৩.৪ চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশের পর নির্বাচন কমিশন নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের নিয়ে পরিচিতিমূলক সভা আয়োজন করতে পারবে।

৩.৫ ঢাকাস্থ প্ল্যানার্স টাওয়ারে অবস্থিত বিআইপি কার্যালয় নির্বাচনের ভোট-কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে।

৩.৬ একজন ভোটার "প্রত্যক্ষ ব্যালট" অথবা "পোস্টাল ব্যালট" অথবা "ইলেক্ট্রনিক ভোট"- এর যে কোন একটি পদ্ধতি ব্যবহার করে ভোট প্রদান করতে পারবেন। প্রতিনিধির মাধ্যমে কোন প্রকার ভোট প্রদান করা যাবে না।

৩.৭ ভোটার পরিচিতির স্বার্থে বিআইপির তথ্যভান্ডারে রক্ষিত ছবিসহ ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং ভোট গ্রহণকালেও সকল ক্ষেত্রেই ভোটারের পরিচিতি যাচাই-বাছাইয়ের জন্য ছবিসহ ভোটার তালিকা মুদ্রণ করা হবে।

৩.৮ ভোটারগণ প্রতিটি পদের জন্য ১ (এক) টির বেশি ভোট প্রদান করতে পারবেন না।

৩.৯ ভোট গণনার সময় প্রত্যেক একক প্রার্থী ১ (এক) জন এবং জোটবদ্ধ (প্যানেল) প্রার্থীগণ প্রতি জোটের জন্য সর্বোচ্চ ৩ (তিন) জন এজেন্ট, যিনি বা যারা বিআইপি'র সদস্য এমন কাউকে নিয়োগ করতে পারবেন। এজেন্টগণ ভোট কেন্দ্রের ভেতরে কোন প্রকার ক্যামেরা, মোবাইল ফোন, ল্যাপটপ, ট্যাব, পেজার বা অন্য কোন প্রকার কমিউনিকেশন ডিভাইস ব্যবহার করতে পারবেন না।

৩.১০ কোন পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট সমান হয়ে গেলে প্রধান নির্বাচন কমিশনার, কমিশনের অপর দুই (২) সদস্য অথবা উপদেষ্টা পরিষদের ন্যূনতম এক (১) জন সদস্য এবং উপস্থিতি সাপেক্ষে প্রার্থী বা তার এজেন্টগণের সম্মুখে ১ (এক) বার লটারি করবেন। লটারি-বিজয়ী প্রার্থী চূড়ান্ত বিজয়ী বলে গণ্য হবেন। এক্ষেত্রে প্রার্থী বা তার এজেন্টগণের যথাসময়ে লটারিস্থলে উপস্থিত থাকার অপারগতা লটারির ফলাফলে কোন প্রভাব ফেলবে না।

৩.১১ মনোনয়নপত্র যাচাই বাছাইয়ের পর কোন পদে একজন মাত্র প্রার্থী থাকলে তিনি বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত বলে গণ্য হবেন।

৩.১২ কোন নির্দিষ্ট পদ/পদসমূহে কোন মনোনয়ন পত্র জমা না হলে বা মনোনয়ন পত্র যাচাই বাছাই এর পর কোন বৈধ প্রার্থী না থাকলে অথবা নির্বাচনী বিধি লঙ্ঘনজনিত কারণে কোন পদে প্রার্থিতা বাতিল হলে নির্বাচন কমিশন উক্ত পদ/পদসমূহের জন্য পরবর্তী সর্বোচ্চ ৫ (পাঁচ) দিনের মধ্যে শুধু ঐ পদ/পদসমূহের জন্য তফসিল ঘোষণা করে প্রার্থী চূড়ান্ত করার কার্যক্রম গ্রহণ করবে। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি বিআইপি'র ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে, পাশাপাশি ইমেইলের মাধ্যমে সদস্যদেরকে অবহিত করতে হবে। তবে কোন কারিগরি ত্রুটির কারণে ইমেইলে কোন সদস্য নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে অবগত না হলে, তার দায়/প্রভাব নির্বাচনের উপর বর্তাবে না।



| | | |
|---|---|---|
| পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির | পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান | পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন |
| যুগ্ম সম্পাদক | সাধারণ সম্পাদক | সভাপতি |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) |

৩.১৩ এই ধারার উপধারা ৩.৫ অনুসারে নির্বাচন কমিশন পোস্টাল ভোট গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করবেনঃ

৩.১৩ ক কেবলমাত্র বাংলাদেশে অবস্থানরত কিন্তু ঢাকা জেলার বাইরে বসবাসরত ভোটারগণ পোস্টাল ভোটিং এ অংশগ্রহণ করতে পারবেন।

৩.১৩ খ পোস্টাল ভোটিং এর সকল কার্যক্রম (ভোটার কর্তৃক আবেদন প্রেরণ, ভোটারদের নিকট ব্যালট প্রেরণ এবং নির্বাচন কমিশনার বরাবর ফিরতি খামে ব্যালট প্রেরণ) বাংলাদেশ পোস্টাল সার্ভিস অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পরিচালিত হবে।

৩.১৩ গ পোস্টাল ভোট প্রদানে ইচ্ছুক ভোটারগণ নির্বাচনের অন্তত তিন সপ্তাহ পূর্বে নির্বাচন কমিশন বরাবর নির্ধারিত ছকে লিখিতভাবে পোস্টাল ভোটের জন্য আবেদন করবেন।

৩.১৩ ঘ পোস্টাল ভোট প্রদানে ইচ্ছুক ভোটারগণের আবেদন যাচাই-বাছাই পূর্বক পোস্টাল ভোটের জন্য নির্বাচিত ভোটারগণের নাম, ভোটার নাম্বার ও ছবিসহ নির্বাচন কমিশন পোস্টাল ভোটদাতাগণের পৃথক তালিকা প্রকাশ করবেন। তালিকা প্রকাশের পর পোস্টাল ভোটের জন্য আর কোন আবেদন গৃহীত হবেনা।

৩.১৩ ঙ পোস্টাল ভোটের জন্য নির্বাচিত ভোটারগণের আবেদনে উল্লেখিত ঠিকানায় নির্বাচন কমিশন কর্তৃক পোস্টাল ব্যালট প্রেরণ করা হবে।

৩.১৩ চ নির্বাচনের জন্য ঘোষিত দিনের ন্যূনতম ১২ দিন পূর্বে নির্বাচন কমিশন ফিরতি খামসহ পোস্টাল ব্যালট রেজিস্টার্ড ডাক অথবা কুরিয়ারের মাধ্যমে পোস্টাল ভোটের জন্য নির্বাচিত ভোটারগণের ঠিকানায় প্রেরণ করবেন।

৩.১৩ ছ ভোটারগণ পোস্টাল ব্যালটের নির্ধারিত স্থানে সঠিক নিয়মে ভোট প্রদানপূর্বক কেবল নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ফিরতি খামে সিলড অবস্থায় ঢাকাস্থ প্ল্যানার্স টাওয়ারে অবস্থিত বিআইপি কার্যালয়ের ঠিকানায় নির্বাচন কমিশন বরাবর পোস্টাল ব্যালট প্রেরণ করবেন। নির্বাচন অনুষ্ঠানের দিন বাংলাদেশ সময় দুপুর ১২টা পর্যন্ত নির্বাচন কমিশন পোস্টাল ব্যালট গ্রহণ করবে এবং সকল পোস্টাল ব্যালটের গ্রহণের নির্দিষ্ট সময় ও দিন রেজিস্টারে লিপিবদ্ধ করবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত পোস্টাল ব্যালট সমূহ বাতিল বলে গণ্য হবে।

৩.১৩ জ ভোট গণনার পূর্বে প্রার্থীদের নিয়োগকৃত এজেন্ট এর উপস্থিতিতে নির্বাচন কমিশন পোস্টাল ব্যালটের খাম খুলে ব্যালটসমূহ ভোট বাক্সে জমা করবেন এবং যথা নিয়মে ভোট গণনা করবেন।

৩.১৪ এই বিধির উপবিধি ৩.৫ অনুসারে নির্বাচন কমিশন ইলেক্ট্রনিক ভোট গ্রহণের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিসমূহ অনুসরণ করবেনঃ

৩.১৪ ক ঢাকা জেলা ব্যাতীত বাংলাদেশের যে কোন অঞ্চলে এবং বিশ্বের যে কোন দেশে বসবাসরত ভোটারগণ ইলেক্ট্রনিক ভোটিং এ অংশগ্রহণ করতে পারবেন।

৩.১৪ খ ইলেক্ট্রনিক ভোট প্রদানের জন্য নির্বাচনের তিন সপ্তাহ পূর্ব থেকে নির্বাচনের এক সপ্তাহ আগ পর্যন্ত আবেদন করার সুযোগ থাকবে। ইলেক্ট্রনিক ভোট প্রদানে ইচ্ছুক ভোটারগণ নির্ধারিত অনলাইন পোর্টালে রিয়েল টাইম ছবিসহ প্রয়োজনীয় তথ্য প্রদান পূর্বক ইলেক্ট্রনিক ভোটিং এর জন্য আবেদন করবেন। অনলাইন পোর্টালের লিঙ্ক ইমেইল এর মাধ্যমে নির্বাচন কমিশন ভোটারদের নিকট প্রেরণ করবে, পাশাপাশি বিআইপি ওয়েবসাইটেও প্রকাশ করবে।

৩.১৪ গ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পূর্বে বিআইপি তথ্যভান্ডারে যে ইমেইল আইডি সংরক্ষণ থাকবে, সেই ইমেইল আইডিকেই ভেরিফাইড ইমেইল হিসেবে গণ্য করা হবে।

৩.১৪ ঘ নির্বাচন কমিশন ইলেক্ট্রনিক ভোটদাতাদের আবেদনের প্রেক্ষিতে আবেদনের নির্দিষ্ট সময়সীমা শেষে বিআইপি মেম্বার ডাটাবেজে শুধু ভেরিফাইড প্রোফাইলধারী আবেদনকারীদের অনান্য শর্ত সাপেক্ষে নির্বাচিত ইলেক্ট্রনিক ভোটার হিসেবে বিবেচিত করবে অথবা আবেদন ফর্মে অসম্পূর্ণ বা ভুল তথ্য থাকলে আবেদন প্রত্যাখ্যান করতে পারবে।

৩.১৪ ঙ প্রত্যাখ্যাত আবেদনকারীগণ সয়ংক্রিয়ভাবে পাঠানো পুণঃআবেদন করার লিংক এর মাধ্যমে পরবর্তী ন্যূনতম ১ (এক) দিন পর্যন্ত পুণঃআবেদন করার সুযোগ পাবেন।

৩.১৪ চ নির্বাচন কমিশন নির্দিষ্ট সময়সীমা শেষে ইলেক্ট্রনিক ভোটারগণের নাম, ভোটার নাম্বার ও ছবিসহ তাদের জন্য পৃথক তালিকা প্রকাশ করবে। তালিকা প্রকাশের পর ইলেক্ট্রনিক ভোটিং এর নতুন কোন আবেদন গৃহীত হবে না।



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

৩.১৪ ছ তবে তালিকা প্রকাশের পরে কোন কারণে প্রত্যাখ্যাত ইলেক্ট্রনিক ভোটারগণের কারও আবেদন যদি সঠিক ছিল বলে প্রমাণিত হয়, সেক্ষেত্রে নির্বাচন কমিশন এর সকল সদস্যদের উপস্থিতিতে সেই সকল ভোটারগণকে ইলেক্ট্রনিক ভোটিং এর সিস্টেমে ম্যানুয়ালি অন্তর্ভূক্ত করা যাবে। সেক্ষেত্রে, নির্বাচন কমিশন এর সকল সদস্যদের স্বাক্ষরে সংশোধিত তালিকা প্রকাশ করা হবে।

৩.১৪ জ নির্বাচন এর জন্য ঘোষিত দিনের ন্যূনতম ২৪ ঘণ্টা পূর্বে প্রধান নির্বাচন কমিশন ইলেক্ট্রনিক ভোটদাতাদের ভেরিফাইড ইমেইলে ইলেক্ট্রনিক ভোটিং পোর্টালে লগইন করা সহ ভোট প্রদানের যাবতীয় তথ্য প্রেরণ করবেন।

৩.১৪ ঝ ইলেক্ট্রনিক ভোটিং পোর্টালে লগইন করার জন্য নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত তথ্যাদি অনুসারে ভোট প্রদানের নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইলেক্ট্রনিক ভোটদাতা পোর্টালে লগইন করে রিয়েল টাইম ছবি সহ নির্ধারিত পদ্ধতি অনুসরণ পূর্বক ভোট প্রদান করবেন, যা পরবর্তী ভেরিফিকেশন এর জন্য পোর্টালে সংরক্ষিত থাকবে।

৩.১৪ ঞ অনলাইন ভোট প্রদানের পরে ভোটারের তথ্য সম্পর্কিত একটি রিপোর্ট ভোটিং পোর্টালে তৈরি হবে, যেখানে ভোটারের আবেদনের সময় প্রদানকৃত সকল তথ্য এবং রিয়েলটাইম ছবির সাথে ভোট প্রদানের সময় তোলা রিয়েলটাইম ছবি থাকবে, যা নির্বাচন কমিশন যাচাই-বাছাই পূর্বক উক্ত ভোটারের ইলেক্ট্রনিক ভোট অনুমোদন অথবা প্রত্যাখ্যান করতে পারবে।

৩.১৪ ট প্রত্যাখ্যাত ইলেক্ট্রনিক ভোট এর অনলাইন তালিকা নির্বাচন কমিশন সকল প্রার্থীদের এজেন্টগণের সামনে প্রদর্শন করবে এবং প্রয়োজনীয় প্রমাণ সাপেক্ষে প্রত্যাখ্যাত ভোট পুণঃঅনুমোদন করতে পারবে। তবে নির্বাচন কমিশন অবশ্যই নিশ্চিত করবে যাতে কোনভাবেই ভোটারদের ভোটের গোপনীয়তা প্রকাশ না পায়।

৩.১৪ ঠ ইলেক্ট্রনিক ভোটিং এর মাধ্যমে প্রদেয় ভোটসমূহের একটি সারমর্ম ইলেক্ট্রনিক ভোটিং সিস্টেমে প্রকাশ হবে, যেখানে প্রদেয় মোট ভোটের সংখ্যাসহ পদ অনুযায়ী প্রার্থীদের প্রাপ্ত ভোটের সংখ্যা উল্লেখ থাকবে। এছাড়াও, অনুমোদিত সকল ইলেক্ট্রনিক ভোট ব্যালট আকারে PDF ফরম্যাটে ইলেক্ট্রনিক ভোটিং সিস্টেমে জমা থাকবে, যা নির্বাচন কমিশন প্রয়োজনে প্রার্থীদের নিয়োগকৃত এজেন্ট এর উপস্থিতিতে প্রিন্ট দিবেন ও আলাদা ভোট বাক্সে জমা করবেন এবং যথা নিয়মে ভোট গণনা করবেন।

৩.১৪ ড নির্বাচন কমিশন সুষ্ঠুভাবে ইলেক্ট্রনিক ভোটিং আয়োজন করার স্বার্থে প্রয়োজন অনুসারে কারিগরি পরামর্শ ও সেবা গ্রহণ করতে পারবেন। তবে শর্ত থেকে যে কারিগরি পরামর্শ ও সেবা প্রদানকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান এমন হবেন যিনি বা যারা পরিকল্পনাবিদ নন এবং পরিকল্পনা পেশার সাথে সরাসরি যুক্ত নন বা নির্বাচনে অংশগ্রহণকৃত প্রার্থীর সাথে কোনভাবে সম্পর্কিত নন।

## ৪. ভোটার ও প্রার্থীর যোগ্যতা

### ৪.১ ভোটার এর যোগ্যতা

বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে ভোটারের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবেঃ

৪.১.১ বিআইপি সংবিধানের ধারা ৩৬ এর উপধারা 'বি' অনুযায়ী কর্পোরেট সদস্য (ফেলো / সদস্য/ সহযোগী সদস্য) হতে হবে।

৪.১.২ চলমান নির্বাচনী বছর পর্যন্ত চাঁদা পরিশোধিত থাকতে হবে।

### ৪.২ প্রার্থীর যোগ্যতা

বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে প্রার্থীর নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবেঃ

৪.২.১ নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় নাম থাকতে হবে।

৪.২.২ নির্বাচন অনুষ্ঠানের বছরসহ বিগত তিন বছরে কোন ব্যত্যয় ছাড়াই সাবস্ক্রিপশন ফি পরিশোধ থাকতে হবে।

৪.২.৩ উপদেষ্টা পরিষদ এবং নির্বাচন কমিশনারগণ নির্বাচনে কোন পদে প্রার্থী হতে পারবেন না, কেবল ভোট প্রদান করতে পারবেন। উপদেষ্টা পরিষদের কোন সদস্য নির্বাচন করতে আগ্রহী হলে নির্বাচন কমিশন গঠনের পূর্বেই তাঁকে উপদেষ্টা পরিষদ থেকে পদত্যাগ করতে হবে। সে ক্ষেত্রে নির্বাহী পরিষদ উপদেষ্টা পরিষদের শূন্য স্থান পূরনের ব্যবস্থা গ্রহণ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে (যদি সকল সদস্য পদত্যাগ করে) নতুন উপদেষ্টা পরিষদ গঠন করবে। তবে কোন



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

মতেই চলমান নির্বাচনের জন্য গঠিত নির্বাচন কমিশনের কমিশনারগণ বা পদত্যাগকৃত নির্বাচন কমিশনারগণ উক্ত নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

৪.২.৪ প্রযোজ্য ক্ষেত্রে বিআইপি গঠনতন্ত্রের ধারা ১৭, ১৮ ও ১৯ এবং ধারা ৩০, ৩১ ও ৩২ অনুযায়ী নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে।

**ছক ৪.১: বিআইপি কার্যকরী পরিষদ নির্বাচনের প্রার্থীদের যোগ্যতা ও বিশেষ শর্তসমূহ:**

| পদের নাম | প্রার্থীর যোগ্যতা | বিশেষ শর্ত সমূহ |
|---|---|---|
| সভাপতি<br>President | ফেলো | • এক জন ব্যক্তি পরপর ২ (দুই) এর অধিক মেয়াদে সভাপতি হতে পারবেন না।<br>• যদি কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে সভাপতি এর দায়িত্ব পালন করে থাকেন তবে তিনি পরবর্তী ২ (দুই) মেয়াদে সভাপতি প্রার্থী হতে পারবেন না।<br>• নির্বাচিত হলে সভাপতি কে সার্বক্ষণিক ঢাকা নগরীতে অবস্থান করতে হবে |
| সহ সভাপতি -১<br>Vice- President-I<br><br>সহ সভাপতি -২<br>Vice- President-II | ফেলো | • এক জন ব্যক্তি পরপর ২ (দুই) এর অধিক মেয়াদে সহ-সভাপতি হতে পারবেন না।<br>• যদি কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে সহ-সভাপতি এর দায়িত্ব পালন করে থাকেন তবে তিনি পরবর্তী ২ (দুই) মেয়াদে সহ-সভাপতি প্রার্থী হতে পারবেন না ।<br>• নির্বাচিত হলে সহ-সভাপতি কে সার্বক্ষণিক ঢাকা নগরীতে অবস্থান করতে হবে। |
| সাধারণ সম্পাদক<br>General Secretary | ফেলো / সদস্য | • এক জন ব্যক্তি পরপর ২ (দুই) এর অধিক মেয়াদে সাধারণ সম্পাদক এর দায়িত্ব পালন করতে পারবেন না।<br>• যদি কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে সাধারণ সম্পাদক এর দায়িত্ব পালন করে থাকেন তবে তিনি পরবর্তী ২ (দুই) মেয়াদে ঐ পদে প্রার্থী হতে পারবেন না।<br>• নির্বাচিত হলে সাধারণ সম্পাদক কে সার্বক্ষণিক ঢাকা নগরীতে অবস্থান করতে হবে। |
| যুগ্ম সম্পাদক<br>Joint Secretary | ফেলো / সদস্য | • এক জন ব্যক্তি পরপর ২ (দুই) এর অধিক মেয়াদে যুগ্ম সম্পাদক এর দায়িত্ব পালন করতে পারবেন না।<br>• যদি কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে যুগ্ম সম্পাদক এর দায়িত্ব পালন করে থাকেন তবে তিনি পরবর্তী ২ (দুই) মেয়াদে ঐ পদে প্রার্থী হতে পারবেন না ।<br>• নির্বাচিত হলে যুগ্ম সম্পাদক কে সার্বক্ষণিক ঢাকা নগরীতে অবস্থান করতে হবে। |



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

| পদের নাম | প্রার্থীর যোগ্যতা | বিশেষ শর্ত সমূহ |
|---|---|---|
| কোষাধ্যক্ষ<br>Tresearur | ফেলো / সদস্য | • এক জন ব্যক্তি পরপর ২ (দুই) এর অধিক মেয়াদে কোষাধক্ষ্য এর দায়িত্ব পালন করতে পারবেন না।<br>• যদি কোন ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদে কোষাধ্যক্ষ এর দায়িত্ব পালন করে থাকেন তবে তিনি পরবর্তী ২ (দুই) মেয়াদে ঐ পদে প্রার্থী হতে পারবেন না।<br>• নির্বাচিত হলে কোষাধ্যক্ষ কে সার্বক্ষণিক ঢাকা নগরীতে অবস্থান করতে হবে। |
| বোর্ড মেম্বার<br>(প্রফেশনাল এফেয়ার্স)<br>(একাডেমিক এফেয়ার্স)<br>(রিসার্চ এন্ড পাবলিকেশন)<br>(ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো)<br>(মেম্বারশীপ এফেয়ার্স)<br><br>Board Member<br>(Professional Affairs)<br>(Academic Affairs)<br>(Research & Publication)<br>(National and International Liaison)<br>(Membership Affairs) | ফেলো / সদস্য | X |
| বোর্ড মেম্বার<br>(পদাধিকার বলে)<br>Board Member (Ex-Officio) | পূর্বতম কমিটির সাধারণ সম্পাদক | পূর্বতম কমিটির সাধারণ সম্পাদক যদি নতুন নির্বাচিত কমিটির কোন পদে নির্বাচিত হন তাহলে এ পদটি শূন্য থাকবে। |
| বোর্ড মেম্বার (পদাধিকার বলে)<br>Board Member (Ex-Officio) | লোকাল চ্যাপ্টার চেয়ারম্যান | লোকাল চ্যাপ্টার চেয়ারম্যানগণ পদাধিকার বলে এ পদে সদস্য হবেন। |



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

**৫. নির্বাচনী তফসিল**

৫.১ গঠনতন্ত্রের ধারা ৩০ এর আওতায় থেকে ভোট গ্রহণের দিন হতে কমপক্ষে ১০ (দশ) সপ্তাহ পূর্বে ছক ৫.১ অনুসারে সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচিতব্য কার্যনির্বাহী পরিষদের পদসমূহের নাম ও ছক ৫.২ অনুসারে নির্বাচনী তফসিল অন্তত ১ (এক) টি বাংলা জাতীয় সংবাদপত্র, বিআইপি'র ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করতে হবে। একইসাথে সকল সদস্যের ই-মেইল ঠিকানায় বিজ্ঞপ্তিটি পাঠাতে হবে। তবে কোন কারিগরি ত্রুটির কারণে ইমেইলে কোন সদস্য নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে অবগত না হলে, তার দায়/প্রভাব নির্বাচনের উপর বর্তাবে না।

**ছক ৫.১: সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচিতব্য কার্যনির্বাহী পরিষদের পদসমূহ:**

| পদের নাম | পদ সংখ্যা |
|---|---|
| সভাপতি<br>President | ১ |
| সহ সভাপতি -১<br>Vice President-I | ১ |
| সহ সভাপতি -২<br>Vice President-II | ১ |
| সাধারণ সম্পাদক<br>General Secretary | ১ |
| যুগ্ম সম্পাদক<br>Joint Secretary | ১ |
| কোষাধ্যক্ষ<br>Tresearur | ১ |
| বোর্ড মেম্বার (প্রফেশনাল এফেয়ার্স)<br>Board Member (Professional Affairs) | ১ |
| বোর্ড মেম্বার (একাডেমিক এফেয়ার্স)<br>Board Member (Academic Affairs) | ১ |
| বোর্ড মেম্বার (রিসার্চ এন্ড পাবলিকেশন)<br>Board Member (Research & Publication) | ১ |
| বোর্ড মেম্বার (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিঁয়াজো)<br>Board Member (National and International Liaison) | ১ |
| বোর্ড মেম্বার (মেম্বারশীপ এফেয়ার্স)<br>Secretary (Membership Affairs) | ১ |



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

**ছক ৫.৩ নির্বাচনী তফসিল:**

| কার্যক্রম | সময়কাল সংক্রান্ত নির্দেশনা |
|---|---|
| খসড়া ভোটার তালিকা প্রকাশ | শিডিউল ঘোষণা করার সর্বোচ্চ ২ (দুই) দিনের মধ্যে |
| চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ভোট গ্রহণের কমপক্ষে ৭ (সাত) সপ্তাহ পূর্বে |
| মনোনয়ন পত্র বিতরন শুরু | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ এর পরবর্তী দিন হতে |
| মনোনয়ন পত্র জমা দানের শেষ সময় | ভোট গ্রহণের কমপক্ষে ৫ (পাঁচ) সপ্তাহ পূর্বে |
| প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ | মনোনয়ন পত্র জমা দানের সর্বশেষ তারিখের পরবর্তী সর্বোচ্চ ২ (দুই) দিনের মধ্যে |
| প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় | প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ পরবর্তী ৪ (চার) দিন |
| চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ভোট গ্রহণের কমপক্ষে ৩ (তিন) সপ্তাহ পূর্বে |
| ইলেক্ট্রনিক/পোস্টাল ভোটের আবেদন শুরু | ভোট গ্রহণের কমপক্ষে ৩ (তিন) সপ্তাহ পূর্বে |
| ইলেক্ট্রনিক/পোস্টাল ভোটের আবেদন শেষ | ইলেক্ট্রনিক ভোটের জন্য ভোট গ্রহণের কমপক্ষে ১ (এক) সপ্তাহ পূর্বে; পোস্টাল ভোটের জন্য ভোট গ্রহণের কমপক্ষে ২ (দুই) সপ্তাহ পূর্বে |
| পোস্টাল ভোটের জন্য মনোনীত ভোটার এর ঠিকানায় ভোটের নির্দেশনা সহ ব্যালট পেপার প্রেরণ শুরু | ভোট গ্রহণের কমপক্ষে ১২ (বার) দিন পূর্বে |
| ইলেক্ট্রনিক ভোটারদের ঠিকানায় ভোটের নির্দেশনা প্রেরণ | ভোট গ্রহণের কমপক্ষে ৪ (চার) দিন পূর্বে |
| ইলেক্ট্রনিক ভোটারদের নিকট ভোটিং লিংক ও প্রয়োজনীয় তথ্য প্রেরণ | নির্বাচন এর জন্য ঘোষিত দিনের ন্যূনতম ২৪ ঘণ্টা পূর্বে |
| নির্বাচন কমিশন বরাবর পোস্টাল ব্যালট পেপার ফেরত আসার শেষ সময় | নির্বাচনের দিন বাংলাদেশ সময় দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত |
| ইলেক্ট্রনিক ভোটিং শুরু এবং শেষ সময় | নির্বাচনের দিন বাংলাদেশ সময় রাত ১২:০০ ঘটিকা থেকে নির্বাচনের দিন বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত |
| নির্বাচন অনুষ্ঠান | নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত দিনে বাংলাদেশ সময় সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত/ নির্ধারিত সময় পর্যন্ত |
| ভোট গণণা ও ফলাফল ঘোষণা | নির্বাচন অনুষ্ঠানের পরপরই একই দিনে ভোট গণনা ও ফলাফল ঘোষণা করা হবে |

**৬. নির্বাচনকালে প্রার্থী এবং ভোটারবৃন্দের আচরণ**

নির্বাচনকালে সকল প্রার্থী ও ভোটারকে নিম্নলিখিত আচরণবিধি মেনে চলতে হবেঃ

৬.১ মনোনয়নপত্র দাখিলের সময় কোন প্রকার মিছিল বা শোডাউন সংশ্লিষ্ট প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৬.২ নির্বাচনের কোন পর্যায়ে কোন প্রার্থী বা প্রার্থীর পক্ষ হতে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান বা প্রদানের অঙ্গীকার করা যাবে না। এ ধরনের কর্মকান্ড প্রমাণিত হলে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট প্রার্থীর ক্ষেত্রে প্রার্থিতা বাতিল ও ভোটার/ভোটারদের ক্ষেত্রে ভোটাধিকার বাতিলসহ ভোটকেন্দ্র হতে বহিস্কার করবেন।

৬.৩ বিআইপি কার্যালয়ের লোকবল, সরঞ্জাম বা অবকাঠামো (টেলিফোন, কম্পিউটার, প্রজেক্টর ইত্যাদি) কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে ব্যবহার করা যাবে না।



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

৬.৪ নির্বাচন কমিশনের পূর্বানুমতি স্বাপেক্ষে কোন একক বা জোটভুক্ত প্রার্থীর পক্ষে ভোট গ্রহণের ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্ব পর্যন্ত বিআইপি মিলনায়তন ব্যবহার করা যাবে।

৬.৫ কোন প্রার্থীর পক্ষে প্ল্যানার্স টাওয়ার ও এর আঙ্গিনায় অবস্থিত দেয়াল, গ্রিল, গাছ বা কোন স্থাপনায় বা অন্য কোন কিছুতে লেখা, আঁকা অথবা কোন ধরনের প্রচারপত্র ঝুলানো বা আঠা দিয়ে লাগানো যাবে না।

৬.৬ প্রার্থীগণ নির্বাচনী প্রচারণায় সর্বোচ্চ ২১ সে.মি. X ৩০ সে.মি. (প্রচলিত এ-ফোর) আকারের সাদাকালো অথবা রঙিন প্রচারপত্র ব্যবহার করতে পারবেন।

৬.৭ নির্বাচনী প্রচারণার জন্য প্রার্থীর ছবি বা বক্তব্য সম্বলিত কোন পরিধেয় ব্যবহার করা যাবে না।

৬.৮ কোন প্রার্থীর পক্ষে কোন ধরনের কোমল পানীয়, খাদ্য বা উপঢৌকন প্রদান সংশ্লিষ্ট প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৬.৯ নির্বাচনী প্রচারণাকালে নগর পরিকল্পনা পেশা, পেশা-সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা ব্যক্তিকে হেয় করে কোনরূপ বক্তব্য প্রদান করা যাবে না। এছাড়া কোন ধরনের তিক্ততা সৃষ্টিকারী, উস্কানীমূলক, লিঙ্গ-বৈষম্যমূলক, সাম্প্রদায়িক বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোন বক্তব্যও প্রদান করা যাবে না।

৬.১০ নির্বাচনকালে নির্বাচনী প্রচারণার কাজে প্রার্থী বা ভোটার ব্যতীত অন্য কেউ বিআইপি কার্যালয় ব্যবহার করতে পারবেনা।

৬.১১ ভোটকেন্দ্রে নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে গণমাধ্যম কর্মীদের প্রবেশাধিকার থাকবে।

**৭. নির্বাচনকালে বিধি লঙ্ঘনের বিরুদ্ধে আপিল ও প্রতিকার**

৭.১ নির্বাচনকালে নির্বাচন বিধির যে কোন লঙ্ঘনের বিরুদ্ধে একক বা জোটবদ্ধ প্রার্থী অথবা ভোটার নির্বাচন কমিশনের কাছে নির্বাচন চলাকালীন সময় পর্যন্ত লিখিত অভিযোগ দায়ের করতে পারবে।

৭.২ নির্বাচন কমিশন অভিযোগ আমলে নিয়ে সত্যতা যাচাই করে সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এছাড়া কমিশন স্বতঃপ্রণোদিত হয়েও যে কোন অনিয়মের তদন্ত ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

৭.৩ যে কোন একক প্রার্থী বা জোটবদ্ধ প্রার্থীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে নির্বাচন কমিশনের সুপারিশক্রমে উপদেষ্টা পরিষদ উক্ত প্রার্থী বা জোটবদ্ধ প্রার্থীর প্রার্থীতা বাতিল সহ তাকে/তাদেরকে সর্বোচ্চ পরবর্তী দুই মেয়াদে নির্বাচনের অযোগ্য ঘোষণা করতে পারবে। তবে কোন প্রার্থীর এককভাবে নির্বাচনী আচরণ ভঙ্গ জোটবদ্ধ অন্যান্য প্রার্থীর প্রার্থীতায় কোন প্রভাব ফেলবে না।

৭.৪ নির্বাচন এর ফলাফল ঘোষণার পরে যদি কোন একক বা জোটবদ্ধ প্রার্থীর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয় এবং তিনি বা তাঁরা নির্বাচনে বিজয়ী হন, তবে উপদেষ্টা পরিষদ, প্রযোজ্য ক্ষেত্রে কমিশনের সুপারিশক্রমে, উক্ত প্রার্থী বা জোটবদ্ধ প্রার্থীগণকে অযোগ্য ঘোষণা করে নিকটতম প্রার্থীকে বিজয়ী ঘোষণা করবে বা প্রযোজ্য ক্ষেত্রে উক্ত পদ বা পদসমূহের জন্য নতুন করে নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.৫ যদি কোন অভিযোগ ও তার প্রতিকার গঠনতন্ত্র বা নির্বাচনী বিধিতে নির্ধারিত না থাকে তাহলে কমিশন প্রতিকারের জন্য তা উপদেষ্টা পরিষদে প্রেরণ করবেন। প্রয়োজনবোধে উপদেষ্টা পরিষদের সাহায্য নিয়ে উপযুক্ত আইনী ব্যবস্থাও গ্রহণ করতে পারবে।

৭.৬ নির্বাচন কমিশন কর্তৃক দোষী সাব্যস্ত ব্যক্তি গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে উপদেষ্টা পরিষদের কাছে আপিল করতে পারবেন। উপদেষ্টা পরিষদ সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৭.৭ আপিল আবেদনের ব্যাপারে উপদেষ্টা পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭.৮ নির্বাচন কমিশন তার মেয়াদকালে কোন অভিযোগের সুরাহা করতে না পারলে তা নির্দিষ্ট সুপারিশ সহ উপদেষ্টা পরিষদের কাছে লিখিতভাবে হস্তান্তর করবে। সেক্ষেত্রে উপদেষ্টা পরিষদ প্রয়োজনবোধে ইনস্টিটিউটের ফেলো বা সকল সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে উপযুক্ত সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ করবে।



| | | |
|---|---|---|
| পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির | পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান | পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন |
| যুগ্ম সম্পাদক | সাধারণ সম্পাদক | সভাপতি |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি) |

**৮. নির্বাচনকালে বিআইপি'র কার্যনির্বাহী পরিষদ এবং উপদেষ্টা পরিষদ দায়িত্ব ও কর্তব্য**

**৮.১ নির্বাচনকালে চলমান কার্যনির্বাহী পরিষদের দ্বায়িত্ব**

৮.১.১ দৈনন্দিন রুটিন কার্যক্রম পরিচালনা করবে।

৮.১.২ উপদেষ্টা পরিষদের সুপারিশক্রমে নির্বাচন কমিশনকে নির্বাচনের যাবতীয় খরচাদি ও প্রয়োজনীয় সাচিবিক সুবিধাদি প্রদান করবে।

৮.১.৩ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর হতে বিআইপি'র নতুন সদস্য সংগ্রহ এবং বিদ্যমান সদস্যদের সহযোগী সদস্য হতে সদস্য অথবা সদস্য হতে ফেলো হবার কার্যক্রম স্থগিত রাখবে।

**৮.২ নির্বাচনকালে চলমান উপদেষ্টা পরিষদের দ্বায়িত্ব**

৮.২.১ সুষ্ঠু নির্বাচনের নিমিত্তে নির্বাচন কমিশন কে সার্বিক সহযোগিতা করবে।

৮.২.২ নির্বাচন কমিশনের অনুরোধে গঠনতন্ত্র ও বিধি বহির্ভূত পরিস্থিতি এবং প্রার্থী ও ভোটার দ্বারা সংঘটিত বিভিন্ন অনিয়মের বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ করবে।

**৯. নির্বাচনকালীন সময়ে বিআইপি দপ্তর পরিচালনা**

৯.১ নির্বাচন কমিশন কার্যভার গ্রহণের পর থেকে নির্বাচনকাল পর্যন্ত নির্বাচন কমিশনের সকল সদস্য অগ্রাধিকার ভিত্তিতে বিআইপি অফিস ব্যবহার করবেন।

৯.২ বিআইপি সচিবালয়ের এক বা একাধিক জ্যেষ্ঠ কর্মকর্তা- কর্মচারীগণ সার্বক্ষণিকভাবে নির্বাচন কমিশনকে সকল ধরনের সাচিবিক সহযোগিতা প্রদান করবেন।

৯.৩ সুষ্ঠু নির্বাচনের স্বার্থে নির্বাচন কমিশন উপদেষ্টা পরিষদের সাথে পরামর্শক্রমে নির্বাচনকাল পর্যন্ত প্রয়োজনীয় সংখ্যক লোকবল নিয়োগ দিতে পারবে, যিনি বা যারা পরিকল্পনাবিদ নন এবং পরিকল্পনা পেশার সাথে সরাসরি যুক্ত নন বা নির্বাচনে অংশগ্রহণকৃত প্রার্থীর সাথে কোনভাবে সম্পর্কিত নন।

৯.৪ উপদেষ্টা পরিষদের সুপারিশক্রমে কার্যনির্বাহী পরিষদ নির্বাচনকালে দপ্তর পরিচালনা সংক্রান্ত অফিস আদেশ জারী করবে।

**১০. নির্বাচন ফলাফল সংক্রান্ত বিষয়ে অভিযোগ, আপিল ও প্রতিকার**

১০.১ নির্বাচন পরিচালন প্রক্রিয়া নিয়ে সংক্ষুব্ধ একক বা জোটবদ্ধ প্রার্থী অথবা এক-তৃতীয়াংশ ভোটার উপদেষ্টা পরিষদ বরাবর ফলাফল ঘোষণার সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে লিখিত অভিযোগ দায়ের করতে পারবেন।

১০.২ উপদেষ্টা পরিষদ অভিযোগ আমলে নিয়ে সত্যতা যাচাই করে পরিষদের সদস্যগণের সংখ্যাগরিষ্টদের মতামতের ভিত্তিতে সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবেন। কোন নির্দিষ্ট পদে বিজয়ী প্রার্থী বা প্রার্থীগণের বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগের সত্যতা পাওয়া গেলে, উপদেষ্টা পরিষদ উক্ত পদে সেই প্রার্থী বা প্রার্থীগণের প্রার্থীতা বাতিল করে নিকটতম/তর প্রতিদ্বন্দ্বীকে বিজয়ী ঘোষণা করবেন এবং এই উপ-আইনের ধারা ৭.৩ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১০.৩ যদি কোন অভিযোগ ও তার প্রতিকার গঠনতন্ত্র বা এই বিধিমালায় নির্ধারিত না থাকে অথবা অভিযোগের গুরুত্ব অনুযায়ী যদি সম্পূর্ণ নির্বাচন বাতিলের আশঙ্কা থাকে, তাহলে উপদেষ্টা পরিষদ প্রয়োজনবোধে ইনস্টিটিউটের ফেলো সদস্যদের সাথে আলোচনা সাপেক্ষে সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে উপযুক্ত সিদ্ধান্ত ও ব্যবস্থা গ্রহণ করবে।

১০.৪ নির্বাচন ফলাফল সংক্রান্ত কোন বিষয়ে উপদেষ্টা পরিষদ কর্তৃক দোষী সাব্যস্ত ব্যক্তি গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে উপদেষ্টা পরিষদের কাছে সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে আপিল করতে পারবেন।

১০.৫ আপিল আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৩ (তিন) দিনের মধ্যে উপদেষ্টা পরিষদ ইনস্টিটিউটের ফেলো সদস্য থেকে, যারা সদ্য সমাপ্ত নির্বাচনের দায়িত্বে ছিলেন না, এমন ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি আপিল বোর্ড গঠন করবে যারা সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এ ক্ষেত্রে আপিল বোর্ড এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



পরিকল্পনাবিদ মোহাম্মদ রাসেল কবির
যুগ্ম সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ এস এম মেহেদী আহসান
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)

পরিকল্পনাবিদ ফজলে রেজা সুমন
সভাপতি
বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বিআইপি)